



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাৎক্ষণ্য - ২৪/০৫/২০২২ খ্রিঃ

### প্রেস রিলিজ

## মেট্রো ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড (ডিসিটিবি) এর শুভ উদ্বোধন



রংপুর মেট্রোপলিটন এলাকায় মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের লক্ষ্যে সম্মানিত পুলিশ কমিশনার, আরপিএমপি মহোদয়ের একান্তিক প্রচেষ্টায় আজ ২৪.০৫.২০২২ খ্রিঃ থেকে শুরু হল মেট্রো ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের কার্যক্রম। রংপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনারের সম্মেলন কক্ষে রংপুর মেট্রোপলিটন পুলিশ ও বিআরটিএ - রংপুর সার্কেলের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত উক্ত কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবদুল আলীম মাহমুদ বিপিএম, সম্মানিত পুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর মহোদয়। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার, ডিসি (সিটিএসবি), ডিসি (সদর দপ্তর ও প্রশাসন), ডিসি (ট্রাফিক), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট - রংপুর, বিআরটিএ - রংপুর সার্কেলের কর্মকর্তা বৰ্বন্দ, আরটিসি - রংপুরের সম্মানিত সদস্যবৰ্বন্দ, ট্রাফিক বিভাগ, রংপুর মেট্রোপলিটন পুলিশের সদস্যবৰ্বন্দ এবং ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশী মোটরযান চালকগণ। এ সময় প্রধান অতিথি তার বক্তব্যে অতি অল্প সময়ে একটি পৃথক মেট্রো ড্রাইভিং টেস্ট বোর্ড চালু করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ কার্যক্রম গ্রহণের ফলে ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশীদের লাইসেন্স প্রাপ্তি আরো সহজ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানের শেষাংশে ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশী কয়েকজন মোটরযান চালকের হাতে শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স তুলে দেওয়া হয়।

২৪.০৫.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১